



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : dinajpureducationboard@gmail.com

## ২০১৮ সালের এসএসসি পরীক্ষার ফলাফল প্রাপ্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

স্মারক নং : মাউশিবোদি/পনি/এসএসসি-ফলাফল/২০১৮/২৫২৬(১২)

তারিখ : ০৩/০৫/২০১৮ খ্রি.

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৮ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার (ফেব্রুয়ারি-মার্চ, ২০১৮ মাসে অনুষ্ঠিত) ফলাফল আগামী ০৬ মে, ২০১৮ খ্রিঃ রবিবার, বেলা ১:০০ টায় দেশের সকল শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে এবং এসএমএস এর মাধ্যমে একযোগে প্রকাশ করা হবে। দিনাজপুর শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মাধ্যমিক বিদ্যালয় নিম্নোক্ত Website : www.dinajpurboard.gov.bd এবং www.educationboardresults.gov.bd ও www.educationboard.gov.bd-এ Institute Wise & Roll Wise ফলাফল সংগ্রহ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, ২০১৮ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার ফলাফলের হার্ডকপি সরবরাহ করা হবে না।

০১। কেন্দ্র সচিব

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন

সকল এসএসসি পরীক্ষা কেন্দ্র-২০১৮।

০২। প্রধান শিক্ষক/অধ্যক্ষ

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন

সকল মাধ্যমিক বিদ্যালয়।

  
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর।

ফোন : ০৫৩১-৫১৮৮১; ফ্যাক্স : ০৫৩১-৬৬৪২১

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

০১। জেলা প্রশাসক, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।

০২। জেলা শিক্ষা অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।

০৩। উপজেলা নির্বাহী অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।

০৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।

০৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।

০৬। অফিস কপি।